অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির 11টি অতিরিক্ত বারের লিকার লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 94টি ব্যবসার লিকার লাইসেন্স স্থগিত করা হয়েছে

মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স সোমবার রাতে 900টিরও বেশি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে, এবং 27টি অতিরিক্ত লঙ্ঘন পর্যবেক্ষণ করে

এই পর্যন্ত 612টি চার্জ দাখিল এবং প্রক্রিয়াকরণ করা হয়েছে; সাসপেনশন এবং চার্জের হালনাগাদকৃত তালিকা এখানে পাওয়া যাবে

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বব্যাপী মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতরভাবে লঙ্ঘনের অভিযোগে রাজ্য নিউ ইয়র্ক সিটির 11টি পানশালার মদের লাইসেন্স স্থগিত করেছে। বুধবার রাতে, রাজ্য পুলিশ (State Police) এবং রাজ্য মদ কর্তৃপক্ষের (State Liquor Authority, SLA) নেতৃত্বে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স 27টি প্রতিষ্ঠানে লঙ্ঘন নথিভুক্ত করে 945টি কমপ্লায়েন্স চেক পরিচালনা করে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসাগুলিকে প্রতি লঙ্ঘনের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে অত্যন্ত গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের লিকার লাইসেন্স স্থগিত করা হতে পারে।

"নিউ ইয়র্কবাসীরা এই ভাইরাসের বক্ররেখাকে পিষে দিয়েছে এবং তাদের কর্মকাণ্ড আমাদের পুনরায় খোলার সময় সংক্রমণের হার কম বজায় রাখার সুযোগ করে দিয়েছে, কিন্তু আমাদের অবশ্যই বুদ্ধিমান এবং সতর্ক থাকতে হবে, বিশেষ করে যখন আমরা সারা দেশ জুড়ে আক্রান্ত হওয়ার ঘটনা বাড়তে দেখি," **গভর্নর কুওমো বলেন**। "যদিও আমি বিপুল সংখ্যক বার এবং রেস্টুরেন্ট মালিকদের প্রশংসা করি যারা এই সংকটের সময় অসাধারণ সতর্কতা অবলম্বন করেছেন এবং সজাগ থেকেছেন, আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হচ্ছে জনস্বাস্থ্য রক্ষা করা এবং টাস্কফোর্স ইচ্ছাকৃতভাবে যারা আইন লঙ্ঘন করে তাদের দায়বদ্ধ করার উপর তীক্ষ্ণ মনোযোগ বজায় রাখে।"

স্টেট লিকার অথরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন: "এই মেনে চলার বিবরণ হচ্ছে জনস্বাস্থ্য রক্ষা করা এবং জনগণকে সুরক্ষিত রাখা, এবং যে সব ব্যবসায়গুলি আইন লঙ্ঘন করে,

এবং নিউ ইয়র্কবাসীদের এবং আমাদের অব্যাহত অর্থনৈতিক পুনরায় খোলার প্রক্রিয়াকে বিপন্ন করে, তাদের বিরুদ্ধে SLA পদক্ষেপ নেওয়া অব্যাহত রাখবে।"

আগস্ট 3 এবং 4 তারিখে অনুষ্ঠিত সভায় স্টেট লিকর অথরিটি বোর্ড (State Liquor Authority Board) যে 11টি প্রতিষ্ঠানকে তাৎক্ষণিক স্থগিতাদেশের জরুরী আদেশ জারি করে সেগুলি হল:

আগস্ট 4, 2020 তারিখে ব্রঙ্কসের 96 ইস্ট 161 স্ট্রিটে "কোর্ট ডেলি রেস্টুরেন্ট"
প্রাঙ্গনের ভিতরে পৃষ্ঠপোশকরা খাচ্ছেন এই অভিযোগের ভিত্তিতে 3 আগস্ট তারিখে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা দুটি পৃথক টেবিলে চারজন পৃষ্ঠপোষককে খাওয়া-দাওয়া এবং মদ্যপান করতে দেখেন প্রাঙ্গনের ভিতরে, অন্যান্য আভ্যন্তরীণ পরিষেবার প্রমাণ সহ।

4 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 704-706A নস্ট্র্যান্ড এভিনিউতে "সুইট 704"
1 আগস্ট নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের (NYPD) আধিকারিকরা বারোজন পৃষ্ঠপোষককে ভবনের ভেতরে খেতে দেখেন, মুখের আবরণ ছাড়া কর্মচারী এবং ভেতরে একটি DJ স্থাপন করা হয়েছে তাও দেখেন, যা তাদের লাইসেন্স এবং গভর্নরের নির্বাহী আদেশ লঙ্ঘন করে যা NYC-তে আভ্যন্তরীণ পরিষেবা প্রদানের অনুমতি দেয় না।

4 আগস্ট, 2020 তারিখে ওয়েবস্টারের 7 সাউথ এভিনিউতে "বার্কস গ্রিল"
30 জুলাই তারিখে, SLA-এর তদন্তকারীরা এই রেস্টুরেন্টে অঘোষিতভাবে পরিদর্শন করে দেখেন যে এটি শুধুমাত্র একটি অবৈধ পানশালা হিসেবে কাজ করছে: পানশালায় বারো জন পৃষ্ঠপোষককে পর্যবেক্ষণ করেন, যারা সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করছেন এবং দুজন পৃষ্ঠপোষক দাঁড়িয়ে মদ্যপান করছেন। একজন তদন্তকারী অর্ডার দিলে তাকে খাবার ছাড়া বিয়ার পরিবেশন করেন একজন বারটেন্ডার যিনি মুখের আবরণ পরে ছিলেন না, এবং সাথে লক্ষ্য করেন যে তিনজন পৃষ্ঠপোশক বারে প্রবেশ করেন যাদেরও খাবার ছাড়া অ্যালকোহল পরিবেশন করা হয়।

4 আগস্ট, 2020-তে ওসিনিং এ 12 ক্রটন আভেনিউতে "সিরেন্টিনা লাউঞ্জ"
SLA ভিলেজ অফ ওসিনিং পুলিশ ডিপার্টমেন্ট (Village of Ossining Police Department) থেকে একটি রেফারেল পায় যে 31 জুলাই তারিখে আধিকারিকরা একটি কমপ্লায়েন্স ইন্সপেকশন পরিচালনা করেন, এবং পর্যবেক্ষণ করেন যে বারের মত পরিবেশে পৃষ্ঠপোষকরা মদ্যপান করছেন, পুল খেলছেন এবং মাস্ক ছাড়া ভেতরে মেলামেশা করছেন এবং সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করছেন; বেশ কয়েকজন পৃষ্ঠপোষক সরাসরি প্রতিষ্ঠানের ঘরাঘুরি এবং বাইরে মদ্যপান করছিলেন।

4 আগস্ট 2020 তারিখে ম্যানহাটানে 168 অ্যাভেনিউ B-তে "বক্সকার লাউঞ্জ"
3 আগস্ট, রাজ্যের মাল্টি এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা ব্যবসার মালিকের সাক্ষাৎকার নেয়, যিনি স্বীকার করেন যে তিনি খাদ্য ছাড়া পৃষ্ঠপোষকদের কাছে অ্যালকোহল পরিবেশন করেছেন, এছাড়াও এই ব্যবসার কোন রান্নাঘর নেই খাবার প্রস্তুত করার জন্য, যা 1964 সাল থেকে সকল লাইসেন্সপ্রাপ্ত ট্যাভার্নের জন্য আবশ্যক করা হয়েছে। লাইসেন্সধারীকে এর আগে উদ্ধৃত করা হয়েছে

এবং শাসন করা হয়েছে 2019 সালে, কোন খাদ্য না থাকার জন্য একটি "নন বোনা ফাইড" হিসেবে।

3 আগস্ট, 2020 তারিখে ব্রুকলিনের 3202 এমনস এভিনিউতে "লা ভু"
2 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা এই লাইসেন্সপ্রাপ্ত ভবনে একাধিক গুরুতর লঙ্ঘন পর্যবেক্ষণ করেন: মুখের আবরণ ছাড়া পাঁচজন নিরাপত্তা রক্ষী এবং দুইজন পরিচারক সরাসরি ব্যবসার বাইরে, মুখের আবরণ ছাড়া ছয়জন কর্মচারী খাবার প্রস্তুত করছেন এবং তিনজন বারটেন্ডার, মাস্ক ছাড়া চল্লিশ জন পৃষ্ঠপোষক, ভিতরে, ছাদের কাছে, এবং ছাদে একশো চল্লিশজন পান করছেন এবং নাচছেন, যার মধ্যে বেশ কয়েকজনকে হুকা এবং পানীয় ভাগ করছিলেন প্রদান করা বোতল পরিষেবা থেকে।

3 আগস্ট, 2020 তারিখে রিজউডের 341 সেন্ট নিকোলাস এভিনিউতে "এল মানাবা রেস্টুরেন্ট"
2 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা রেস্টুরেন্টের ভেতরে এগারোজন পৃষ্ঠপোষককে খেতে এবং মদ খেতে দেখেন, যার মধ্যে সাতজন টেবিলে বসে ছিলেন এবং পানশালায় চারজন ছিলেন, যার পুরোটাই নিউ ইয়র্ক সিটিতে অবৈধ। তদন্তকারীরা তা ছাড়াও রেস্টুরেন্টের ভেতরে চারজন কর্মচারীকে মুখের আবরণ ছাড়াই দেখেন।

3 আগস্ট, 2020 তারিখে ব্রঙ্কসের 10 ওয়েস্ট মাউন্ট ইডেন অ্যাভেনিউ এর "ক্রাশ বার অ্যান্ড লাউঞ্জ"
2 আগস্ট, রাষ্ট্রের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা প্রাঙ্গণের বাইরে একটি DJ কে সঙ্গীত বাজাতে দেখেন নাইটক্লাবের মত পরিবেশ তৈরি করে, যেখানে পঁচিশ জনেরও বেশী পৃষ্ঠপোষক, যাদের বেশিরভাগই মুখের আবরণ ছাড়া, পার্টি করছেন, মেলামেশা করছেন এবং মদ্যপান করছেন।

3 আগস্ট, 2020 তারিখে কুইন্সের 97-13 কুইন্স বুলেভার্ডের "কাজান মঙ্গল"
2 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা চারজন পৃষ্ঠপোষককে রেস্টুরেন্টের ভেতরে খাওয়া-দাওয়া এবং মদ্যপান করতে দেখেন। 26 জুলাই তারিখে পৃষ্ঠপোষকদের ভেতরে খাওয়ার অনুমতি দেওয়ার জন্য কাজান মঙ্গলের বিরুদ্ধে ইতিমধ্যেই অভিযোগ আনা হয়েছে।

3 আগস্ট, 2020 তারিখে ব্রঙ্কসের 127-129 ওয়েস্টচেস্টার স্কোয়ারের "সাংহাই রেড"
2 আগস্ট, রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা তিনজন পৃষ্ঠপোষককে পানশালার ভেতরে খাওয়া-দাওয়া এবং মদ্যপান করতে দেখেন, যার মধ্যে দুজন বারে বসেছিলেন। সরাসরি বারের বাইরে তদন্তকারীরা বেশ কয়েকজন পৃষ্ঠপোষককে দাঁড়িয়ে থাকতে এবং মদ্যপান করতে দেখেন সামাজিক দূরত্বের নির্দেশিকা উপেক্ষা করে এবং তা ছাড়া মুখের আবরণ ছাড়া একজন সার্ভারকেও দেখেন।

3 আগস্ট 2020 তারিখে ম্যানহাটানের 885 10ম অ্যাভেনিউ এর "দ্য গ্রিক কিচেন"

2 আগস্ট তারিখে এই ভবনের ভেতরে পৃষ্ঠপোষকদের খাওয়ার অভিযোগের ভিত্তিতে রাজ্যের মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্সের তদন্তকারীরা বেশ কয়েকজন পৃষ্ঠপোষককে ভিতরে খাওয়া-দাওয়া করতে দেখেন।

3 এবং 4 আগস্ট পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্থগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিওর মাধ্যমে সংঘটিত হয়।

যখন SLA একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত অপারেশন জনস্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরী তাৎক্ষণিক স্থগিতাদেশ জারি করা হয়। স্থগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরী স্থগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন